গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.১৩৮.২২.১১২৯ | তারিখ: ২২ আষাঢ় ১৪২৯
০৬ জুলাই ২০২২

বিষয়: **রিট পিটিশন নং-৫৪১০/২০২২ এর রুল ও আরজির আলোকে সরকার পক্ষে মামলা পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।**

সূত্র: হাইকোর্ট বিভাগ-এর রিট পিটিশন নং-৫৪১০/২০২২ এর ২৭/০৪/২০২২ খ্রি. তারিখের রুল ও আরজির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে, বাস্তবায়নাধীন ও প্রস্তাবিত বাঁশখালী গন্ডামারা পৌরসভা ও ইউনিয়ন পরিষদ এলাকার সীমানা নির্ধারণ না হওয়া পর্যন্ত দেশের বৃহত্তম বেসরকারি মেগা বিদ্যুৎ প্রকল্প এস.এস. পাওয়ার প্ল্যান্ট এলাকায় গণশান্তি ও জাতীয় স্বার্থ রক্ষায় চট্টগ্রামের বাঁশখালী উপজেলার গন্ডামারা ইউনিয়ন পরিষদ নির্বাচনের তফসিল ১ (এক) বছর পিছিয়ে দেয়ার প্রার্থনা করে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়সহ মোট সাত জনকে প্রতিপক্ষ করে রিট পিটিশন নং ৫৪১০/২০২২ দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে রুল ইস্যুপূর্বক প্রতিপক্ষগণের প্রতি রুলনিশি জারি করেন।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৫৪১০/২০২২ মোকদ্দমায় জবাব দাখিলের জন্য প্রয়োজনে সময়ের আবেদন দাখিলসহ সরকার পক্ষে মামলা পরিচালনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: রুলের কপি ও ওকালতনামা

৬-৭-২০২২
মোঃ মহিউদ্দীন শামীম
সহকারি সচিব
ফোন: ৯৫৪০৯৯৫
ইমেইল: lglaw1@lgd.gov.bd

সলিসিটর (যুগ্ম সচিব)
সলিসিটর অনুবিভাগ
আইন ও বিচার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.১৩৮.২২.১১২৯/১ | তারিখ: ২২ আষাঢ় ১৪২৯
০৬ জুলাই ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) বিজ্ঞ অ্যাটর্নি জেনারেল অব বাংলাদেশ, অ্যাটর্নি জেনারেলের কার্যালয়, বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গণ, ঢাকা।
২) সচিব, সিনিয়র সচিব/সচিবের দপ্তর, বাংলাদেশ নির্বাচন কমিশন


৩) উপসচিব, পৌরসভা-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ

৪) সিনিয়র সহকারী সচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ

৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর , স্থানীয় সরকার বিভাগ

৬) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ

৭) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



৬-৭-২০২২
মোঃ মহিউদ্দীন শামীম
সহকারি সচিব